CITTA' DI VENEZIA **Comune di Venezia**
Direzione Sviluppo Organizzativo e Strumentale
Settore Servizi educativi
Direzione Coesione Sociale, Servizi alla Persona e Benessere di Comunità
Settore Servizi per la Coesione Sociale
Servizio Immigrazione e Promozione dei Diritti di Cittadinanza e dell'Asilo

# স্কুল পরিষেবাগুলি
# পরিবারের জন্য তথ্য

1) স্কুলে নিবন্ধনকরন

**৬ থেকে ১৬ বছর বয়স** – স্কুল বাধ্যতামূলক
প্রতিবছর ৩১ শে ডিসেম্বরের মধ্যে যেসব শিশুরা ৬ বছর পূর্ণ করবে এবং ১৬ বছর বয়স পর্যন্ত শিশুদের স্কুলে ভর্তি করা অধিকার এবং কর্তব্য, তাদের বয়স অনুযায়ী শ্রেণীতে ভর্তি করতে হবে।

সরকারি স্কুলে বিনামূল্যে নিবন্ধন করা যায় এবং তা ০৭ জানুয়ারী থেকে ৩১ জানুয়ারী মধ্যে করাতে হয় চলিত বছরের জন্য (স্কুল শুরু হয় সেপ্টেম্বর থেকে এবং শেষে হয় জুনে), ভর্তি অনলাইনের মধ্যমে করাতে হবেঃ **http://www.iscrizioni.istruzione.it/**
ইতালিতে যেসব **বিদেশী** ছাত্র-ছাত্রীরা আসে তাঁদের জন্য বছরের যে কোনো সময়,বাড়িতে কাছাকাছি যে কোণ স্কুলে সরাসরি গিয়ে নিবন্ধন করা সম্ভব।

সাধারণত বছরের শুরুতে স্কুলে একটি বার্ষিক ফি দিতে বলে স্কুলের জিনিস কেনার জন্য এবং সিকিউরিটির জন্য।

৩ থেকে ৬ বছর বয়স- শৈশব স্কুল

৩ থেকে ৬ বছর বয়সী শিশুদের **সরকারি** নার্সারি স্কুলে ভর্তি করতে পারেন উপরে বর্ণিত একই সময়ে (০৭ জানুয়ারী থেকে ৩১ জানুয়ারী) এবং একই পদ্ধতিতে।

একটি আবেদন জমা দিয়ে **পৌরসভার** নার্সারি স্কুল জন্য নিবন্ধন করতে পারেন, **তা অবশ্যই অনলাইনে করতে হবে** https://www.comune.venezia.it/portaleScuole এবং তা **সরকারি ডিজিটাল পরিচয় সিস্টেম** ব্যবহার করে করতে হবে (SPID) ।

spid.gov.it/richiedi-spid এই উফসাইডে SPID এর সব তথ্য পাওয়া যাবে, **পরিশিষ্ট B পড়ুন**।

## 2) এক স্কুল থেকে অন্য স্কুলে স্থানান্তর

বাসস্থান পরিবর্তনের জন্য

বাসস্থান পরিবর্তনের জন্য যদি স্কুল স্থানান্তর করতে হয় সেই ক্ষেত্রে আগের স্কুল থেকে একটা **ছাড়পত্র** এনে বর্তমানে যে স্কুলে যেতে চান সেই স্কুলকে জানাতে হবে এবং এ স্কুলে জায়গা আছে নাকি

তাও জানতে হবে।

বিদেশে স্থানান্তরণ

বিদেশে স্থানান্তরের ক্ষেত্রে, **ক্ষণিকের জন্য** বা **স্থায়ী** হলে বাধ্যতামূলক স্থায়িত্ব এবং ফিরে আসার তারিখ সেগ্রেটারি অফিসে **লিখিত ভাবে** জানাতে হবে, আর যদি স্থায়ীভাবে চলে যায় সেক্ষেত্রেও জানাতে হবে, **না হলে ছাত্র স্কুলে অনুপস্থিত থাকার কারণে পরিবার শাস্তি পেতে পারে।**

শৈশবের স্কুলের মধ্যে স্থানান্তর জন্য

যদি আপনি একেই কোমুনে মধ্যে নার্সারি স্কুল পরিবর্তন করতে চান বা অন্য কোমুনির নার্সারি স্কুলে নিতে চান তাহলে ভেনিস কোমুনির শিক্ষা পরিসেবা কেন্দ্রে যোগাযোগ করুন। যার ঠিকানাগুলি পরবর্তীতে নির্দেশীত (দেখুন পৃষ্ঠা ৭)।

**3) স্কুল মেনসা**

যে সমস্ত বাচ্চারা নার্সারি বা প্রাইমারি স্কুলে ফুল টাইম ক্লাস করে এবং দুপুরেও থাকে তারা স্কুলে টাকা দিয়ে খেতে পারে।

মেনসা পরিসেবার জন্য নিবন্ধনকরণ

মেনসার নিবন্ধন শুধুমাত্র অনলাইনের মাধ্যমে করা যাবে, https://portale.pastel.it/ এর মাধ্যমে বাবা-মারা বুকিং এবং টাকা পরিশোধ অটোমেটিক ভাবে করতে পারবে।
ইতোমধ্যে (গতবছর) নিবন্ধিত বাবা-মা, **ওয়েবসাইট তাদের নিজ পেইজে ঢুকে নতুন বছরের সেবা পাবার জন্য নিশ্চিত করবে।**
**গুরুত্বপূর্ণঃ** মেনসার নিবন্ধন বাধ্যতামূলক ওই সব ছাত্রদের জন্য যারা স্কুলের তৈরি খাবার খায়, প্রয়োজনে আপনি এসেনসিওনের (মেনসার টাকা না দেয়ার) আবেদন করতে পারেন।
পড়ুন **পরিশিষ্ট A** মেনসার জন্য নিবন্ধন প্রক্রিয়া এবং অনুপস্থিত থাকা অবস্থায় কি ভাবে যোগাযোগ করতে হবে (দেখুন পৃষ্ঠা ৯)।

বিশেষ ডায়েট

ধর্মীও সমস্যা বা স্বাস্থ্যগত প্রয়োজনে নিজ সন্তানের জন্য একটি বিশেষ ডায়েট চাওয়া যেতে পারে। এই ফরমটি আপনি নিচের ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারবেন এবং সেটি কোমুনের অফিসে জমা দিতে হবে।
https://www.comune.venezia.it/it/content/richieste-diete-speciali
প্রতিটি স্কুলের জন্য (শৈশব, প্রাথমিক, মাধ্যমিক) বছরের **শুরুতে** আবেদন করতে হবে এবং শিক্ষা বছরের শেষ বা স্কুল পরিবর্তন পর্যন্ত এটির মেয়াদ থাকবে।

পৌরসভার নার্সারি স্কুলে নিবন্ধন করতে এই ওয়েবসাইটি থেকে ফরম সংগ্রহ করুন https://www.comune.venezia.it/portaleScuole , সেখানে স্কুলের খাবার এবং স্বাস্থ্যগত ও ধর্মীও ডায়েট পাবার জন্য আবেদন করতে পারবেন ( এই ক্ষেত্রে বাচ্চার স্বাস্থ্যগত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে)।

মেনসার টাকা পরিশোধ

**শৈশব স্কুলে** খাবারের দাম ( বনো পাস্ত) ৪.০০ ইউরো।

**প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলে** খাবারের দাম ৪.২৫ ইউরো।

এই টাকা অগ্রিম পরিশোধ করতে হবে।

এই টাকা পরিশোধ করা যাবেঃ

১। ফার্মেসি থেকে;

২। www.amesvenezia.it এই ওয়েবসাইটে আপনাকে কিছু দোকান এবং মার্কেটের লিস্ট দেয়া হবে, যেখান থেকে এই টাকা পরিশোধ করতে পারবেন;

৩। [i]ব্যাংকের মাধ্যমেও এই টাকা পরিশোধ করা যাবে বোনিফিকো করে, আমেস সঁপা (AMES SPA) IBAN. IT51H0103002005000002362932, মন্তে দেই পাসকি দি সিএনা ব্যাংক (Banca Monte dei Paschi di Siena) ( কাউসালেতে/ কারণ লিখতে হবে আপনার নাম এবং ফোন নাম্বার যা আপনি নিবন্ধন ফরমে লিখেছেন)।

মেনসার টাকা মাফ পাবার জন্য যা করতে হবে

যারা ভেনিস পৌরসভার নাগরিক এবং তাদের বাৎসরিক আয় **(ISEE) ৭,৭৯৫.**৪৪ নিচে, তারা মেনসার টাকা সম্পূর্ণ মাফ পাবার জন্য প্রতি বছর **সেপ্টেম্বরের ৩০ তারিখের মধ্যে** আবেদন করতে পারবে। যার আয় এর থেকে বেশী (ISTAT সূচক উপর ভিত্তি করে প্রতি বছর পরিবর্তন করা হয়) এবং **১৫,৮৩২.১২** ইউরোর মধ্যে হয় তাহলে সে আংশিক আবেদন করতে পারবে যদি তাঁর অধিক সন্তান থাকে। মেনসার টাকা মাফ পাবার আবেদন ভেনিস পৌরসভার ওয়েবসাইটের মাধ্যমে করতে হবে https://www.comune.venezia.it/portaleScuole

যে বেক্তি এই আবেদনটি করতে আগ্রহী তাঁর অবশ্যই SPID এ একটি আইডি থাকতে হবে। কিভাবে আপনি এই আইডিটি করবেন এবং পাবেন তা এই ওয়েবসাইটে দেয়া আছে **spid.gov.it/richiedi-spid** - আরো দেখুন **পরিশিষ্ট B**।

4) স্কুল পরিবহন

স্কুল পরিবহন পরিষেবার জন্য রেজিস্ট্রেশন

স্কুল পরিবহন পরিসেবার জন্য **২৮ শে ফেব্রুয়ারির মধ্যে** রেজিস্ট্রেশন করতে হবে পরবর্তী শিক্ষা বছরের জন্য।

রেজিস্ট্রেশন শুধুমাত্র অনলাইনের মাধ্যমে করা যাবে নিচের ওয়েবসাইটে https://portale.comune.venezia.it/registra/trasporti-scolastici

যে বেক্তি এই আবেদনটি করতে আগ্রহী তাঁর অবশ্যই SPID এ একটি আইডি থাকতে হবে। কিভাবে আপনি এই আইডিটি করবেন এবং পাবেন তা এই ওয়েবসাইটে দেওয়া আছে spid.gov.it/richiedi-spid - আরো দেখুন **পরিশিষ্ট B**।

স্কুল পরিবহনের টাকা পরিশোধ

এই সেবা গ্রহণকারী ব্যেক্তিদের প্রতি মাসে **২৩.৩৩** ইউরো দিতে হবে এবং এমনকি আপনি যদি এই সেবাটি আংশিকভাবে ব্যবহার করেন। এই টাকাটি আপনি বাৎসরিক এককালীন দিতে পারেন অথবা তিন বারে কিস্তিতে।

এই অর্থ প্রদান করতে হবেঃ ভেনিস কমুনিকে - ত্রাস্পরতি স্কলাস্তিচি সেভিছিও তেসোরেরিয়া, এই টাকা আপনি পোস্টের মাধ্যমে পরিশোধ করতে পারবেন, একাউনট নম্বর- ১১২২০৩০৮ অথবা ব্যাংকের মাধ্যমেও পরিশোধ করা যাবে বোনিফিকো করে, IBAN IT08-A076-0102-0000-0001-12-20-308।

স্কুল পরিবহনের টাকা মাফ পাবার জন্য যা করতে হবে

যারা ভেনিস পৌরসভার নাগরিক এবং তাদের বাৎসরিক আয় **৭,৭৯৫.৪৪** নিচে, তারা মেনসার টাকা সম্পূর্ণ মাফ পাবার জন্য প্রতি বছর **সেপ্টেম্বরের ৩০ তারিখের মধ্যে** আবেদন করতে পারবে। স্কুল পরিবহনের টাকা মাফ পাবার আবেদন ভেনিস পৌরসভার ওয়েবসাইটের মাধ্যমে করতে হবে https://www.comune.venezia.it/portaleScuole
যে বেক্তি এই আবেদনটি করতে আগ্রহী তাঁর অবশ্যই **SPID** এ একটি আইডি থাকতে হবে। কিভাবে আপনি এই আইডিটি করবেন এবং পাবেন তা এই ওয়েবসাইটে দেয়া আছে spid.gov.it/richiedi-spid - আরো দেখুন **পরিশিষ্ট B**।

**5) স্কুলের বই**

প্রাথমিক স্কুল

যারা ভেনিস পৌরসভার নাগরিক তারা প্রাথমিক স্কুলের বইগুলো বিনামূল্যে পেতে পারে। শিক্ষা বছরের শুরুতে অবিভাবকগন লাইবেরি থেকে এই বই গুলীর আবেদন করতে পারবেন।
জুন মাসের প্রথম দিকে প্রতিটি স্কুলের ওয়েবসাইটে এবং সেগ্রেটারির এলবামে প্রতিটি ক্লাসের এবং শাখার নতুন বছরের বইয়ের লিস্ট প্রকাশ করা হয় ।
প্রতি বছরের শুরুতে স্কুল থেকে অবিভাবকদের একটি রিসিভ দেওয়া হবে, যে লাইবেরি থেকে বই কিনেসে সেখান থেকে রিসিভটি সিল মেরে আনতে হবে এবং সেটি স্কুলে জমা দিতে হবে।

মাধ্যমিক স্কুল

মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলের বইগুলো অবিভাবলদের কিনতে হবে এবং শিক্ষা বছরের শুরুতে লাইবেরি থেকে এই বই গুলীর আবেদন করতে পারবেন।
জুন মাসের প্রথম দিকে প্রতিটি স্কুলের ওয়েবসাইটে এবং সেগ্রেটারির এলবামে প্রতিটি ক্লাসের এবং শাখার নতুন বছরের বইয়ের লিস্ট প্রকাশ করা হয় ।

**ব্যবহারের জন্য ঋণ উপর বইঃ** যেসব ছাত্র ছাত্রীদের বই প্রয়োজন তাদেরকে প্রতিটি স্কুল থেকে কিছু সংখ্যক বই ঋণে দেয়া হয় (কিছু কিছু ক্ষেত্রে বাৎসরিক আয় দেখা হয়)। এটি পাবার জন্য প্রতিটি স্কুলের সেগ্রেটারি অফিসের নিয়ম এবং সময় মাফিক আবেদন করতে হবে।

**ব্যবহৃত বই** "লিব্র কোণত্রো লিব্র" ("বইয়ের বিরুদ্ধে বই"): প্রতি বছর, সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে, ছাত্র-ছাত্রীরা তাদের পুরনো ব্যবহৃত বইগুলো জমা দিয়ে তার পরিবর্তে তাদের প্রয়োজনীয় বই নিতে পারবে। মেস্ত্রে এবং ভেনিসের দুটি শাখাতে সর্বদাএকজন অপারেটর উপস্থিত থাকবে এবং ভেনিস শহরের শিক্ষাবিদরা থাকবেন ছাত্র-ছাত্রী ও অবিভাবকরা কিভাবে ব্যবহার করবে তার সহায়তা করার জন্য।
তথ্যের জন্যঃ স্বাস্থ্য পরিকল্পনা অফিস, ভিয়া কস্তা মেস্ত্রে (ভেনিস), ফোন-০৪১২৭৪৯৬৫৮; আপনি ৩৪৮৩৯০১৪৩৯ অথবা ৩২৯৭৫০৮২৭৭ নম্বরে ফোন করতে বা এসএমএস পাঠাতে পারেন; ইমেইল **attivazione.risorse@comune.venezia.it**

**এলাকার বই পাবার বুওনোঃ** যারা ভেনিস পৌরসভার নাগরিক, তাদের বর্তমান বাৎসরিক আয়ের (ইসে) কাগজ দিয়ে  বই কেনার বুওনোর আবেদন করতে পারবেন, সাধারণত এর আবেদন ১৫ ই সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত উপস্থাপন করতে পারবেন। আবেদনটি শুধুমাত্র অনলাইনের মাধ্যমে করা যাবেঃ **http://www.regione.veneto.it/istruzione/buonolibriweb**
প্রয়োজনীয় কাগজপত্র ঐতিহাসিক শহর ভেনিস এবং তার অন্তর্ভুক্ত অন্য শহরগুলোর শিক্ষা পরিসেবা কেন্দ্রে জমা দিতে পারবেন প্যাক ইমেইল করে servizieducativi@pec.comune.venezia.it, বা পোস্টে রাকমান্দাতা করেঃ ভেনিস পৌরসভা- সাংগঠনিক ও তাত্ত্বিক উন্নয়ন বিভাগ, শিক্ষা পরিষেবা সেক্টর – ভিয়ালে সান মার্কো, ১৫৪-৩০১৭২ মেস্ত্রে-ভেনিসিয়া(Comune di Venezia - Direzione Sviluppo Organizzativo e Strumentale, Settore Servizi Educativi – Viale San Marco, 154 - 30172 Mestre-Venezia)।

6) গ্রীষ্মকালীন কেন্দ্র

জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত,  শিশু ও কিশোর কিশোরীদের জন্য শহরে বিভিন্ন স্থানে শিক্ষা এবং ক্রীড়া কেন্দ্র খোলা হয়েছে বিভিন্ন, যেখানে সাপ্তাহিক বা ১৫ দিনের জন্য নিবন্ধন করা সম্ভব।

ⁱনাগরিকদের বিভিন্ন সেবার তথ্য এবং কিভাবে নিবন্ধন করবেন তা জানতে এই ওয়েবসাইট দেখুন:
**https://www.comune.venezia.it/it/content/centri-estivi**

### **7)** পৌরসভার স্কুল কাউনটার

নীচে অফিসগুলির ঠিকানা আছে যেখানে আপনি পৌরসভার স্কুল পরিষেবাদি জন্য আবেদন জমা দিতে অথবা ফর্ম পূরণের জন্য তথ্য জানতে পারবেনঃ

- সান মারকো ৪০৮৪ (কাল্লে কাভাল্লি) ভেনেসিয়া, মঙ্গলবার এবং বৃহস্পতিবার সকাল ০৯.০০ থেকে দুপুর ০১.০০; বুধবার দুপুর ০২.৪৫ থেকে বিকেল ০৪.৪৫, ফোন- ০৪১২৭৪৮৭৮৯/৮৯২১;
- ভিয়া সান গাড়লো ৩২/A – লিদো দি ভেনেসিয়া, এবং বুধবার সকাল ০৯.০০ থেকে দুপুর ০১.০০; বৃহস্পতিবার দুপুর ০৩.০০ থেকে বিকেল ০৫.০০, ফোন- ০৪১২৭২০৫০১/০৫১৪;
- ভিয়ালে সান মারকো, ১৫৪ – মেস্ত্রে, সোমবার, মঙ্গলবার এবং বৃহস্পতিবার সকাল ০৯.০০ থেকে দুপুর ০১.০০; বৃহস্পতিবার দুপুর ০২.৩০ থেকে বিকেল ০৪.৩০, ফোন- ০৪১২৭৪৯০৪১;
- ভিয়া রিও চিমেন্ত ৩২ – কিরিনিয়াগো, সোমবার সকাল ০৯.০০ থেকে দুপুর ১২.৪৫ এবং দুপুর ০২.৪৫ থেকে বিকেল ০৪.৪৫; মঙ্গলবার এবং বৃহস্পতিবার সকাল ০৯.০০ থেকে দুপুর ০১.০০, ফোন- ০৪১২৭৪৯৯৪৪/৯৯৬৪;
- পিয়াচ্ছা পাস্তেল্ল ১ – ফাভারো ভেনেতো, সোমবার সকাল ০৯.০০ থেকে দুপুর ১১.৩০; বুধবার সকাল ১০.০০ থেকে দুপুর ০১.৩০; বৃহস্পতিবার সকাল ০৯.০০ থেকে দুপুর ১২.০০, ফোন- ০৪১২৭৪৬৬৫৭;
- পিয়াচ্ছা মেরকাতো ৫৪ – মারগেরা, বুধবার এবং বৃহস্পতিবার সকাল ০৯.০০ থেকে দুপুর ০১.০০; বৃহস্পতিবার দুপুর ০৩.০০ থেকে বিকেল ০৫.০০, ফোন- ০৪১২৭৪৬৩২৩/৬৩২৪

তথ্যের জন্য আপনি ই-মেইল দ্বারা অফিসের সাথে যোগাযোগ করতে পারেন:
serviziеducativi.terraferma@comune.venezia.it
servizieducativi.csi@comune.venezia.it

## পরিশিষ্ট A- মেনসার জন্য রেজিস্ট্রেশনের পদ্ধতি এবং অনুপস্থিতির যোগাযোগ

প্রথম নিবন্ধন

**নিবন্ধন** শুধুমাত্র অনলাইনের মাধ্যমে করতে হবে, এই ওয়েবসাইটে www.amesvenezia.it. ক্লিক করতে হবে "রেজিস্তাতি"লেখার উপর যেখানে পিতামাতা তাদের তথ্য লিখতে হবে।

এসএমএস পাঠানো বা পাবার জন্য একটি মোবাইল নাম্বার থাকা প্রয়োজন। এছাড়াও এরও কিছু ফোন নাম্বার (কমপক্ষে ৪ টি) দিতে হবে, যা পরিসেবার যোগাযোগ বা গ্রহণ করতে ব্যবহার করা হবে (উদাহরণস্বরূপ, অনুপস্থিতির যোগাযোগ)।

পরামর্শঃ ইতালীয় ভাষায় পড়তে ও লিখতে পারে এমন বাবা এবং মায়ের ফোন নম্বর লিখুন।

পিতা-মাতা যখন নিবন্ধন করবে তখন তাকে অবশ্যই একটি ই-মেইল আইডি এবং একটি পাসওয়ার্ড লিখতে হবে।

**যদি আপনি এটি হারিয়ে ফেলেন, তাহলে "W" অক্ষরটি লিখে এই টেলিফোনে নাম্বারটিতে একটি এসএমএস পাঠান ৩৩৮২১৫৪৯৫১।**

নিবন্ধনের পর, আপনার প্রতিটি সন্তানের **রেজিস্ট্রেশন** চালিয়ে যান।

**যদি আপনার বাসায় রেজিস্ট্রেশন করার জন্য ইন্টারনেট না থাকে**, তাহলে প্রতিটি পিতামাতা আমেস অফিসের এই নাম্বারে ০৪১২৯৬৭২২০ সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ মধ্যে ফোন করতে পারবে এবং একটা এপয়েন্টমেন্ট নিতে পারবেন। এটা করার পরেই আপনার সন্তানের রেজিস্ট্রেশন করতে পারবেন।

**পিতামাতার তথ্যের নিবন্ধন শুধুমাত্র একবার করাই আবশ্যক এবং এবং পরবর্তী বৎসর জন্য বা অন্যান্য সন্তানদের নিবন্ধনের জন্য এটির মেয়াদ থাকবে।**

মেনসার সেবার জন্য আপনার সন্তানকে নথিভুক্ত করার পর, খাবারের তালিকা অটোম্যাটিক ভাবে চলে আসবে স্কুল খোলা এবং স্কুলের ক্যালেন্ডার অনুযায়ী।

পরবর্তী বছরে রেজিস্ট্রেশন নিশ্চিতকরণ

**প্রতি শিক্ষা বৎসরের শুরুর দিকে**, পিতামাতা মেনসার সেবার রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে ইন্টারনেটে ডুকে (ই-মেইল ঠিকানা এবং পাসওয়ার্ড দিয়ে ডুকে), এই ওয়েবসাইটে ডুকে www.amesvenezia.it আপনার সন্তানের যেসব নতুন তথ্য আছে তা যোগ করতে হবে এবং স্কুলের শাখা পরিবর্তন হলে তাও দিতে হবে (উদাহরণস্বরূপ, একটি শৈশব স্কুলে থেকে প্রাইমারি স্কুলে আসা)। বার্ষিক রেজিস্ট্রেশন খাবারের রিজার্ভেশন নিশ্চিত করে এবং বিশেষ করে যদি প্রয়োজন হয়, বিশেষ খাদ্যতালিকার ধারাবাহিকতা বজায় রাখে।

প্রতিটি পরিবর্তন বা যোগকরন (নতুন টেলিফোন নম্বর বা ঠিকানা বা স্কুল পরিবর্তন) ওয়েবসাইটের মাধ্যমে করা যায়ে (ইমেইল ঠিকানা এবং পাসওয়ার্ড দিয়ে ডুকে) www.scuole.pastel.it অথবা যোগাযোগ করতে পারেনঃ

**টেলিফোন-** ০৪৯৭৯৮৮৬৬

**ফ্যাক্স-** ০৪৯৯০৮০৬১২

**এসএমএস-** ৩৩৮২১৫৪৯৫১

**ই-মেইল** - scuole@pastel.it

যদি কোণ ছাত্র স্কুলে অনুপস্থিত থাকে, তাহলে কিভাবে মেনসার জন্য যোগাযোগ করবেন

**যদি পারিবারিক কারণ বা অসুস্থতার জন্য শিশু অনুপস্থিত থাকে তাহলে পরিবারের ছাত্রের অনুপস্থিতি জানানোর জন্য যোগাযোগ** করবে ওই নম্বর গুলোর মাধ্যমে যেগুলো মেনসার রেজিস্ট্রেশনের সময় দেয়া হয়ে ছিল।

এই ফোন গুলো করতে হবে আগের দিন বিকাল ৬.০০ থেকে যে দিন যাবেনা সেদিন সকাল ৯.০০ টার মধ্যে।

**গুরুত্বপূর্ণ: যদি পিতা-মাতা অনুপস্থিতি সম্পর্কে সতর্ক না করে থাকেন তবে তাকে খাবারের জন্য অর্থ প্রদান করতে হবে।**

যখন অবিভাবক ফোন করবে ছাত্রর অনুপস্থিতি জানানোর জন্য, ফোনের অন্য পাস থেকে কোণ কণ্ঠ শুনবেনা। ফোনের লাইন থাকুন যতক্ষন না আপনি ব্যস্ত সংকেত শুনতে পান যার মানে হল কলটি রেকর্ড করা হয়েছে এবং মেনসা বাতিল করা হয়েছে।
এই ফোন করার পর আপনার কাছে একটি এসএমএস আসবে খাবের স্থগিতকরন নিশ্চিত করার জন্য।

<u>এক দিনের</u> অনুপস্থিতি

যদি শিশুটি শুধু এক দিন অনুপস্থিত থাকে, **তাহলে পরিবার ছাত্রের অনুপস্থিতি জানানোর জন্য যোগাযোগ করবে ওই নম্বর গুলোর একটা থেকে যা মেনসার রেজিস্ট্রেশনের সময় দেয়া হয়ে ছিল, এই টেলিফোন নম্বর বিনামূল্যে ফোন করতে পারবেঃ ০৪৯ ৯৯৮৫১৬১**

**যেসব বাবা-মার একের অধিক সন্তান স্কুলে খাওয়ার তাদের জন্য:**
নিবন্ধন করার সময়, শিশুদের বয়স অনুযায়ী তালিকা তৈরি করা হয় (বড় থেকে ছোট) তাদের একেক জনের অনুপস্থিতি ক্ষেত্রে ব্যবহার করতে হবে আলাদা আলাদা টেলিফোন নম্বর

প্রথম সন্তান: ০৪৯ ৯৯৮৫১৬১
দ্বিতীয় সন্তান: ০৪৯ ৯৯৮৫১৬২
তৃতীয় সন্তান: ০৪৯ ৯৯৮৫১৬৩
চতুর্থ সন্তান: ০৪৯ ৯৯৮৫১৯৫

<u>একের অধিক দিন</u> অনুপস্থিত থাকলে

যদি শিশুটি একের অধিক দিন অনুপস্থিত থাকে, **তাহলে পরিবার ছাত্রের অনুপস্থিতি জানানোর যোগাযোগ করবে ওই নম্বর গুলোর একটা থেকে যা মেনসার রেজিস্ট্রেশনের সময় দেয়া হয়ে ছিল, এই টেলিফোন নম্বর বিনামূল্যে ফোন করতে পারবেঃ ০৪৯ ৯৯৮৫১৬৪।**

**যেসব বাবা-মার একের অধিক সন্তান স্কুলে খায়** , তাদের একেক জনের অনুপস্থিতি ক্ষেত্রে ব্যবহার করতে হবে আলাদা আলাদা টেলিফোন নম্বর (সর্বোচ্চ থেকে সর্বনিম্ন বয়স ক্রমানুসারে):

প্রথম সন্তান: ০৪৯ ৯৯৫১৬৪
দ্বিতীয় সন্তান: ০৪৯ ৯৯৮৫১৬৫
তৃতীয় সন্তান: ০৪৯ ৯৯৮৫১৬৬
চতুর্থ সন্তান: ০৪৯ ৯৯৮৫১৯৬

দীর্ঘ অনুপস্থিত থাকার পর <u>ফেরতের নোটিস</u>
যখন ছাত্র স্কুলে ফিরে যায় তখন যেই নাম্বারে আপনি ফোন করে অনুপস্থিতির খবর জানিয়েছেন শয়েই নাম্বারে ফোন করে ফিরে আসার খবর জানাবেন। এই ফোন গুলো করতে হবে **আগের দিন বিকাল ৬.০০ থেকে যে দিন ফিরে যাবে সেদিন সকাল ৯.০০ টার মধ্যে।**

শৈশব স্কুলের প্রথম বছর

**যেসব শিশুরা প্রথম বছরের আজিলতে (কিন্ডারগার্টেন স্কুল) যায়,** তারা প্রথম দিকে স্কুলে খাবেনা, তাই পিতা-মাতা অবশ্যই কয়েকদিন অনুপস্থিতি জানানোর জন্য যোগাযোগ করবে এবং যখন স্কুলে খাওয়া শুরু করবে তখন আবার জানিয়ে দিতে হবে।

সতর্কবার্তা!

- **যদি আপনি যে সময়ের নির্ধারিত করা হয়েছে তার বাইরে ফোন করেন বা যে নাম্বারগুলো রেজিস্ট্রেশন করেছেন তার বাইরে অন্য নাম্বার থেকে ফোন করেন সেটা বিবেচনা করা হবে না।**

- **যদি আপনার শিশুর অনুপস্থিতি কথা না জানান, তাহলে সে দিনের খাবারের টাকা দিতে হবে।**

- **যেসব অবিভাবকদের তার বাচ্চার স্কুলের খাবারের টাকা দেয়া লাগেনা তারাও ফোন করে শিশুর অনুপস্থিতির কথা জানাবে, যাতে করে এই খাবার ফেলা না যায়। খাবারের জন্য তদন্ত করতে পারে এবং যদি দেখে ওই খাবারের মানুষটি অনুপস্থিত আছে এবং তা জানানো হয়নি, তাহলে তার জন্য টাকা দিতে হবে।**

আয়ের উপর ভিত্তি করে একটি ডিসকাউন্ট

**২০১৬ সালে থেকে  আপনি যখন আপনার আয়ের ডিকেরেসন (দিকারাসিওনে দেই রেডিটি) করতে যাবেন তখন স্কুলের মেনসার জন্য যে টাকা ২০১৫ সালে দিয়েছেন তার কাগজপত্র জমা দিয়ে** আপনি কিছু টাকা ফেরত পেতে পারেন, এটা  প্রায় ৪০০ ইউরোর মত হতে পারে। এ ভাবে আপনি প্রতি বছর করতে পারবেন। (আর্টিকেল 15 টিউইর, চিঠি ই-বিআইএস)।

আপনি যেসব খরজ করেছেন স্কুলের মেনসার জন্য সেগুলো আপনার নিজ পেইজে ডুকে সরাসরি ডাউনলোড করতে পারবেন।

মনে রাখবেন- এই রিছিবগুল আগের বছরের জানুয়ারি থেকে ডিসেম্বরের মধ্যে হতে হবে। ব্যবহারকারী দ্বারা প্রদত্ত মোট টাকার পরিমাণ এবং খাবারের পরিমাণ আসলে টাকার সঙ্গে মিল থাকতে হবে।

কিভাবে আপনি এই আইডিটি করবেন এবং পাবেন তা এই ওয়েবসাইটে দেয়া আছে **spid.gov.it/richiedi-spid**

## পরিশিষ্ট B- স্পাইড-ডিজিটালে পরিচয় রেজিস্ট্রেশনের পদ্ধতি

নিবন্ধনের জন্য এবং শিক্ষা সেবা এবং অন্যান্য সরকারি পরিষেবাগুলির পাবার জন্য এবং এগুলোর খরচ থেকে ছাড় পাবার আবেদনের জন্য, SPID- ডিজিটাল পরিচয়ের জন্য নিবন্ধন করা আবশ্যক।

SPID এর আবেদন এবং একাউন্ত খোলার জন্য আপনাকে ১৮ বৎসরের ঊর্ধ্বে হতে হবে।

## আপনার কি প্রয়োজন

- একটি ই-মেইল আইডি;
- সাধারণত আপনি যে টেলিফোন ব্যবহার করেন তার নম্বর;
- একটি বৈধ পরিচয়পত্র (যেমন- কারতা ইদেন্তিতা, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, পেরমেসসো দি সোজ্জরনো); রেজিস্ট্রেশনের সময় আপনার ছবি তোলার প্রয়োজন হতে পারে এবং আপনি যে ফর্মটি পূরণ করবেন তার সাথে সংযুক্ত করতে হবে;
- আপনার কোডিচি ফিস্কালসহ স্বাস্থ্য কার্ড; রেজিস্ট্রেশনের সময় আপনার ছবি তোলার প্রয়োজন হতে পারে এবং আপনি যে ফর্মটি পূরণ করবেন তার সাথে সংযুক্ত করতে হবে;

## আপনাকে কি করতে হবে

নিম্নোক্ত ওয়েবসাইটগুলিতে নিবন্ধন করা শুরু করুন: পস্তা ইতালিয়ানে, আরুবা, ইনফোচেরত, নামিরিয়াল, রেজিস্টার.ইট, সিএলতে এবং টিম।

আইডেন্টিটি প্রোভাইডার্স (আইডিপি) আপনাকে SPID এর আবেদন ও গ্রহণের বিভিন্ন উপায় প্রদান করে।
উদাহরণস্বরূপ, যদি আপনি পোষ্ট ওয়েবসাইটে রেজিস্টার করেন, তাহলে আপনি ব্যক্তি শনাক্ত ও আপনার মোবাইল ফোন দিয়ে প্রত্যয়ন করতে হবে এবং আর কোনো পোস্ট অফিস থেকে চালু করতে পারেন।